



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

কার্যালয় : আলমপুর, সিলেট।

Web-www.sylhetboard.gov.bd

স্মারক নং : সিশিবো/কঃশাঃ/২০১৫/৪৭৯

তারিখ : ১৪/১২/২০১৫ খ্রিঃ

বিষয় : ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের উচ্চমাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের রেজিঃ কার্ড গ্রহণ প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের উচ্চমাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের (২০১৬ সালের এইচএসসি পরীক্ষার্থী) রেজিঃ কার্ড নিম্নলিখিত তারিখ অনুযায়ী অত্র শিক্ষা বোর্ডের কলেজ শাখা থেকে বিতরণ করা হবে। অধ্যক্ষ মহোদয় বা তাঁর প্রাধিকারপ্রাপ্ত ব্যক্তির মাধ্যমে নিম্নলিখিত তারিখ অনুযায়ী রেজিঃ কার্ড গ্রহণের জন্য অনুরোধ করা গেল।

| জেলার নাম            | রেজিস্ট্রেশন কার্ড গ্রহণের তারিখ |
|----------------------|----------------------------------|
| সুনামগঞ্জ            | ২০-১২-২০১৫ খ্রিঃ                 |
| হবিগঞ্জ ও মৌলভীবাজার | ২১-১২-২০১৫ খ্রিঃ                 |
| সিলেট                | ২২-১২-২০১৫ খ্রিঃ                 |

অত্র শিক্ষা বোর্ড থেকে সরবরাহকৃত রেজিস্ট্রেশন কার্ডের নিধারিত স্থানে শিক্ষার্থীর স্বাক্ষর গ্রহণের পর প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করতঃ মূল রেজিস্ট্রেশন কার্ড শিক্ষার্থীদের মধ্যে বিতরণ করতে হবে।

শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ডে কোন ধরনের সংশোধনের প্রয়োজন হলে কলেজ শাখা থেকে সংশোধনী ফরম সংগ্রহ করে নির্ধারিত ফিসহ (প্রযোজ্য ক্ষেত্রে) ৩১-১২-২০১৫ খ্রিঃ তারিখের মধ্যে অত্র শিক্ষা বোর্ডে জমা দিতে হবে।

উল্লেখ্য যে, অত্র শিক্ষা বোর্ডের বিজ্ঞপ্তি নং-সিশিবো/পনি/উমা/০৫/২০১৫/৯২৬, তারিখঃ ১২-১১-২০১৫ খ্রিঃ এর আলোকে ২০১৬ সালে অনুষ্ঠিতব্য এইচএসসি পরীক্ষায় অংশ গ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীদের অনলাইনে eFF এর মাধ্যমে ফরম পূরণ করতে হবে। eFF এর Probable list এ সকল শিক্ষার্থীর যাবতীয় তথ্য দেয়া থাকবে তাই, উক্ত Probable list এ ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে ভর্তিকৃত কোন শিক্ষার্থীর তথ্য না থাকলে উক্ত শিক্ষার্থীর eSIF ও একাডেমিক ট্রান্সক্রিপ্টের ফটোকপি (উল্টোপৃষ্ঠায় কলেজের নাম, EIIN, শাখা ও শ্রেণি রোল নম্বর উল্লেখপূর্বক) আগামী ২২-১২-২০১৫ খ্রিঃ তারিখের মধ্যে অত্র শিক্ষা বোর্ডের কলেজ শাখায় জমা দিতে হবে।

  
কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
সিলেট।

ফোন : ০৮২১-৮৪০০৮৬

প্রাপকঃ অধ্যক্ষ

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল কলেজ ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়।

অবগতির জন্য অনুলিপিঃ

১। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।

২। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট (অত্র শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল)।

৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।